



পল্লী সঞ্চয় ব্যাংক  
প্রধান কার্যালয়  
রোড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)  
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড  
ঢাকা-১০০০

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)



মুজিববর্ষের প্রতিশ্রুতি  
আর্থিক খাতের অগ্রগতি

পসব্য/প্রকা/পরি-২২ (অংশ-২)/২০২১-২২/ ৪৫৬৫

তারিখ: ১৯/০৬/২০২২

জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা জেলা, পল্লী সঞ্চয় ব্যাংক।

শাখা ব্যবস্থাপক  
সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা জেলার আওতাধীন সকল শাখা, পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা জেলার আওতাধীন সকল শাখার চলমান বন্যা পরিস্থিতির প্রেক্ষিতে কতিপয় করণীয় নির্দেশনা।

প্রিয় মহোদয়,

উপরিউক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সম্প্রতি আসাম ও মেঘালয়ে অতিবৃষ্টি এবং উজান থেকে নেমে আসা ঢলের দরুণ বাংলাদেশের সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোণা জেলার বিভিন্ন উপজেলা ভয়াবহ বন্যার কবলে পড়েছে। এ সকল জেলার অধিকাংশ মানুষ বর্তমানে পানিবন্দী অবস্থায় দুর্বিষহ জীবন যাপন করছে।

০৩। এমতাবস্থায় বন্যা কবলিত জেলাসমূহে পল্লী সঞ্চয় ব্যাংকের শাখাসমূহের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছে-

- ক। শাখার নথিপত্র এবং প্রয়োজনীয় দলিলাদি বন্যার হাত থেকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। নথিপত্র এবং দলিলাদি সুরক্ষিত রাখার জন্য টেবিলের উপরে বা কেবিনেটের উপরে উঁচু জায়গায় সংরক্ষণ করতে হবে।
- খ। শাখার গুরুত্বপূর্ণ সরঞ্জামাদি বিশেষভাবে কম্পিউটার, টেলিফোন ইত্যাদি উঁচু জায়গায় সংরক্ষণ করতে হবে।
- গ। শাখার বন্যাদুর্গত আমানতকারী, ঋণগ্রহীতা এবং সমিতির সদস্যদের পাশে থেকে সাধ্যমত সহযোগীতা করতে হবে।
- ঘ। যেকোন বিরূপ পরিস্থিতিতে ব্যাংকের ক্ষয়ক্ষতির আশংকা দেখা দিলে তাৎক্ষণিকভাবে প্রধান কার্যালয়কে অবহিত করে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করতে হবে।
- ঙ। বন্যাদুর্গত ঋণগ্রহীতাদের আপাতত ঋণের কিস্তি পরিশোধের জন্য তাগিদ দেয়া থেকে বিরত থাকতে হবে।

০৪। উপরিউক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করার জন্য আপনাদের নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে,

(মো: ইসমাইল মিয়া)  
সহকারী মহাব্যবস্থাপক

তারিখ: ১৯/০৬/২০২২

পসব্য/প্রকা/পরি-২২ (অংশ-২)/২০২১-২২/ ৪৫৬৫(৩৩)  
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৪. সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৫. উর্কতন মুখ্য কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৬. বিভাগীয় প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৭. অফিস নথি।

(মো: তানভীর হাসান মজুমদার)  
সিনিয়র অফিসার